দামুড়হুদার জয়রামপুর তপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব জয়ী

দামুড়হুদার জয়রামপুর তপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ১ম কোয়াটার ফাইনালে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব ২ গোলে জয়ী হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা জয়রামপুর ইউথ ক্লাবের আয়োজনে ক্লাবের মাঠে মুখোমুখি মাঠে খেলতে নামে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব বনাম রামাযুস রামনগর মাথাভাঙ্গা ক্লাব দর্শনা।

খেলার নির্ধারিত সময়ে রামাযুস রামনগর মাথাভাঙ্গা ক্লাব দর্শনা কে ২-০ গোলে হারিয়ে জয়ের লক্ষে পৌঁছে যায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাব। দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের স্ট্রাইকার ইমরান হোসেন ২টি গোল করে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব কে সেমিফাইনালে খেলার সুযোগ করে দেয় এবং ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হয়।

দামুড়হুদার জয়রামপুর ইউথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে মাঠে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন দামুড়হুদা উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল হালিম ভুট্টু, দামুড়হুদা উপজেলা যুবলীগের অন্যতম নেতা শাহীন উদ্দীন, উপজেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য শহিদ আজম সদু, নওশাদ আলী, সাবেক মেম্বার ইকরামুল হক, সাবেক ফুটবলার জাকির হোসেন, এনামুল হক, টুর্নামেন্ট পরিচালনা কমিটির উপদেষ্টা গোলাম ছরোয়ার ছোটন, ফুটবলপ্রেমী সেলিম উদ্দিন, টুর্নামেন্ট কমিটির সাধারণ সম্পাদক রাজিব আহমেদ, আজিজুল হক, ইমান আলী।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন রবিউল ইসলাম, সহকারী রেফারি ছিলেন লিটা হাসান ও রবিউল হক। ধারাভাষ্যকার ছিলেন শামীম খান। দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের এই জয়ে ক্লাব সভাপতি এখলাছ উদ্দিন সুজন ক্লাবের সকল কর্মকর্তা, খেলোয়াড় ও শুভাকাঙ্খিদেরকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।